

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০২.১৯-৮৭০২

তারিখ: ০৭/০৩/২০১৯

অফিস আদেশ

দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর গ্রেড-১৩ টাকা ১১০০০-২৬৫৯০ বেতনক্রমে দুর্নীতি দমন কমিশনের 'লাইব্রেরিয়ান' পদে নিয়োগ করা হলো:

ক্রমিক নম্বর	নাম ও স্থায়ী ঠিকানা
* ১.	এস এম শাহরিয়ার হাবিব, পিতা: এস এম আলাউদ্দীন, মাতা: মোছাঃ রেহানা নাসরিন, গ্রাম: উমেদপুর, ডাকঘর: রয়েড়া, উপজেলা: শৈলকুপা, জেলা: ঝিনাইদহ।
২.	ফেরদৌসী আক্তার, পিতা: মোঃ আব্দুল হালিম, মাতা: রাজিয়া সুলতানা, স্বামী: মোশারফ হোসেন শরীফ, গ্রাম: জামুদ, পোঃ দেওটুকোণ, উপজেলা: পূর্বধলা, জেলা: নেত্রকোণা।

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ থাকবেন;
- (গ) শিক্ষানবিশকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিশের চাকুরির অবসান ঘটাতে পারবে;
- (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিশকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনে সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে;
- (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তার চাকুরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;
- (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে;
- (ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ১৬ বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
- (জ) সিভিল সার্জনের নিকট হতে সরকারি চাকুরির জন্য শারীরিক উপযুক্ততার প্রত্যয়নপত্র সহকারে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে কিংবা যোগদান পরবর্তীতে তার/তাদের চরিত্র ও অতীত কার্যকলাপ সম্পর্কে যদি পুলিশ কর্তৃক সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না যায় তাহলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভূয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



